




গণিত বিভাগে ১২শ জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ (NUMO-2021)
ঢাকা মহানগর (দক্ষিণ) অঞ্চল অনুষ্ঠিত



২৬-১১-২০২১ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:৩০ ঘটিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে Online Zoom Platform-এ এ.এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের অর্থানুকুল্যে এবং বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে ১২শ জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ (NUMO-2021) ঢাকা মহানগর (দক্ষিণ) অঞ্চলের প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগীতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েটসহ ঢাকা মহানগর (দক্ষিণ) অঞ্চলের মোট ৯টি প্রতিষ্ঠানের ১৬টি ডিপার্টমেন্ট হতে ১১৮ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইমদাদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, ডিন বিজ্ঞান অনুষদ, অধ্যাপক ড. মোঃ নুরুল আলম খান, সভাপতি, বাংলাদেশ গণিত সমিতি, মোঃ নুরুল আলম, ট্রাস্টি, এ.এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন, অধ্যাপক ড. মোঃ শরিফুল আলম, চেয়ারম্যান, গণিত বিভাগ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অনুষ্ঠানের আহবায়ক ছিলেন অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম, গণিত বিভাগ এবং সদস্য সচিবের দায়িত্ব পালন করেন ড. শরাবান তোহুরা, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ।

উল্লেখ্য, স্নাতক গণিত অলিম্পিয়াড কমিটির (NUMOC) সভার সিদ্ধান্ত অনুযায়ী ১২শ জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ দেশের ০৮টি বিভিন্ন অঞ্চলে সম্পন্ন হয়। আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠিত প্রতিটি প্রতিযোগিতায় শ্রেষ্ঠ ১০ জন করে মোট ৮০ জন প্রতিযোগী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগে অনুষ্ঠিতব্য ১৭ ডিসেম্বর, ২০২১ তারিখে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবেন।